গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, **পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪**

(কৃষি ও পানি সম্পদ)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

সচিব বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ............................................৩

প্রস্তাবনা..............................................................৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী.......................................................................................৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .......৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ................৭

সংযোজনী১: শব্দসংক্ষেপ....................................................১০

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি............১১

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা........১৩

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন, নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন, নির্বাচিত চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ এবং ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে ই-জিপি বাস্তবায়নে এ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গত তিন বছরে আইএমইডি কর্তৃক ২২১০টি চলতি প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ, ৫০টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ, ৬০টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব নিরুপণ ও ৬৫০টি প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। তাছাড়া, ক্রয় কার্যক্রমে ই-জিপি (e-GP) পদ্ধতি প্রবর্তন ও সম্প্রসারণের ফলে ই-জিপি পদ্ধতিতে ২৯১৩০ জন দরদাতার রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে ই-জিপি (e-GP) পদ্ধতিতে আহবানকৃত দরপত্র সংখ্যা ৮১৬৩০টি তে উন্নীত হয়েছে এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ২১২৮ জন কর্মকর্তাকে দীর্ঘমেয়াদী সরকারি ক্রয় ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১০৪৯৭ জন সরকারি কর্মকর্তাকে স্বল্পমেয়াদী ই-জিপিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট ৩২টি ক্রয় সংস্থার ই-জিপি বাস্তবায়নে নিবিড় তদারকির আওতায় আনা হয়েছে। এছাড়া অত্র বিভাগের আওতায় বাস্তবায়নরত এসএমইসিআই (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় অনলাইন প্রকল্প ব্যবস্থাপনা ইনফরমেশন সিস্টেম (পিএমআইএস) প্রণয়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উন্নয়ন প্রকল্পের সংখ্যার তুলনায় প্রয়োজনীয় জনবলের স্বল্পতা, কর্মকর্তা/কর্মচারীর অফিস কক্ষের স্বল্পতা, আইএমইডি'র মতামত/সুপারিশ প্রতিপালনে প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের বাধ্যবাধকতা না থাকা, সময়মত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রকল্প পরিবীক্ষণকালীন প্রকল্প এলাকায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের না পাওয়া এবং সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন (PCR) যথাসময়ে না পাওয়া।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

অনলাইন মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা; লজিষ্টিক সুবিধাদি নিশ্চিত করা; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহ থেকে ইলেকট্রনিক উপায়ে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত উপাত্ত ও তথ্য সংগ্রহের লক্ষ্যে অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম প্রতিষ্ঠা করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অধিকতর কার্যকরভাবে চালুর লক্ষ্যে পরিবীক্ষণ ও মূল্যায়নের ওপর সেক্টরভিত্তিক ম্যানুয়াল তৈরি করা; পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশ-বিদেশে এ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা। তাছাড়া, দেশের সকল ক্রয় কার্যক্রমকে ই-জিপি'র আওতায় আনার লক্ষ্যে অধিকতর ক্ষমতাসম্পন্ন ডাটাসেন্টার স্থাপন এবং ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২১টি প্রমিত দরপত্র দলিল চূড়ান্ত করণ এবং অবশিষ্ট ১০ টি প্রমিত দরপত্র দলিল প্রণয়ন ও চূড়ান্ত করণ। ১০০ কোটি টাকা পর্যন্ত সরকারি ক্রয় কার্যক্রম ই-পদ্ধতিতে সম্পন্ন করা। নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্পসমূহ আইএমই বিভাগের নিয়মিত মনিটরিং ও মূল্যায়নের আওতায় নিয়ে আসা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- আইএমইডি'র আটটি মনিটরিং সেক্টরে ৭৯২টি চলমান প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করে প্রতিবেদন জারি;
- আইএমইডি'র আটটি মনিটরিং সেক্টরে ২৫০টি প্রান্তিক প্রকল্প মূল্যায়ন ও প্রতিবেদন জারি;
- ২৪টি নির্বাচিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রকাশ;
- ২১টি নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন করে প্রতিবেদন প্রকাশ;
- ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৩৫টি জেলার প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ;
- গণখাতে ক্রয় কার্যক্রমে ব্যবহৃত ২টি প্রমিত দরপত্র দলিল চূড়ান্তকরণ এবং
- স্থানীয়ভাবে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে ২৮০০ জন কর্মকর্তার দক্ষতা বৃদ্ধি।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের

মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪

(কৃষি ও পানি সম্পদ)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

এবং

সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১:

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

নিশ্চিতকরণে টেকসই উন্নয়ন, প্রয়োজন প্রকল্পের সঠিক পরিবীক্ষণ ও মূল্যায়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ, সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন এবং সরকারী ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা ও জবাবদিহিতার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকর সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) মাধ্যমে ক্রয় প্রক্রিয়ায় সংস্কার কার্যক্রম সম্পাদন
৩. পরামর্শ সেবা প্রদান

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বাস্তবায়নাধীন নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In depth Monitoring);
২. চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও সমাপ্ত প্রকল্প মূল্যায়ন;
৩. নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation);
৪. ক্রয় কার্যক্রমে আইন ও বিধি'র বাস্তবায়ন ও ইলেকট্রনিক গভর্মেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) ব্যবস্থাপনা;
৫. ক্রয় কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/ব্যক্তিদের প্রশিক্ষণ।

# সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০২০ | ২০২০-২০২১ | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন হার বৃদ্ধি | মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বরাদ্দ বাস্তবায়নের শতকরা হার | % | ৮৯.৭৬ | ৯০ | ৯১ | ৯১.৫০ | ৯২ | বাস্তবায়নাধীন প্রকল্প সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ | আইএমইডি কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| ই-জিপির ব্যবহার বৃদ্ধি | ই-জিপিতে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের সংখ্যা | সংখ্যা | ২৬৫৩০ | ২৭০০০ | ২৮৫০০ | ২৯০০০ | ২৯৫০০ | ই-জিপিতে একসেস প্রাপ্ত সকল ক্রয়কারী (মন্ত্রণালয়/বিভাগ/সরকারী অধিদপ্তর/ পরিদপ্তর/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা আধা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/কর্পোরেশন/কোম্পানি আইনের অধীন নিয়োজিত সংস্থা) | www.eprocu gov.bd ওয়েবসাই রিপোর্ট |

*সাময়িক (Provisional) তথ্য।

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪
(কৃষি ও পানি সম্পদ)

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৬-১৭ | প্রকৃত অর্জন ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের উন্নয়ন | ৫.৭৫ | [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১] জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | সংখ্যা | ২.৫ | | ৯১ | ৯৫ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯১ | ৯৭ | ৯৯ |
| | | | [১.১.২] ফাস্টট্র্যাক প্রকল্প পরিদর্শন | % | | | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণয়ন | সংখ্যা | ১ | | ২ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | | [১.২.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন প্রকাশ | তারিখ | | | - | ৩০ জুন ২০১৯ | ০৭ জুলাই, ২০১৯ | ১৫ জুলাই, ২০১৯ | ২১ জুলাই, ২০১৯ | ২৮ জুলাই, ২০১৯ | ৩০ জুন, ২০২০ | ৩০ জুন, ২০২১ |
| | | [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণয়ন | সংখ্যা | ১ | | ৩ | ২ | ১ | | | | ৩ | ৩ |
| | | | [১.৩.২] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ | তারিখ | | | - | ৩০ জুন ২০১৯ | ০৭ জুলাই, ২০১৯ | ১৫ জুলাই, ২০১৯ | ২১ জুলাই, ২০১৯ | ২৮ জুলাই, ২০১৯ | ৩০ জুন, ২০২০ | ৩০ জুন, ২০২১ |
| | | [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | সংখ্যা | ১.২৫ | | ২৯ | ৩৩ | ৩২ | ৩০ | ২৯ | ২৮ | ৩৫ | ৩৬ |

আমি, মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

------------------------------ ২২.০৬.২০১৮

মহাপরিচালক
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ (কৃষি ও পানি সম্পদ)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখ

২২.০৬.১৮ ------------------------------

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-জিপি | ইলেক্ট্রনিক্স গর্ভমেন্ট প্রকিউরমেন্ট |
| ২ | আইসিটি | ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ৩ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৪ | পিসিআর | প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট |
| ৫ | পিএমআইএস | প্রজেক্ট ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৬ | আইএমইডি | ইমপ্লিমেন্টেশন মনিটরিং এন্ড ইভালুশেয়ন ডিভিশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] চলমান প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.১.১]জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদন | আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক দেশব্যাপী বাস্তবায়নাধীন চলমান প্রকল্পসমূহ পরিবীক্ষণ শেষে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতক্রমে জারি। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন । ( প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.২] নির্বাচিত প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ | [১.২.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | সংশ্লিষ্ট অর্থবছরে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে রাজস্বখাতে আউটসোর্সিং এর মাধ্যমে ব্যক্তি পরামর্শক/পরামর্শক ফার্মের সাহায্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর মনিটরিং সেক্টর সমূহের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা করা হয়। উক্ত পরিবীক্ষণ প্রতিবেদন সংলিষ্ট মন্ত্রনালয়/বিভাগ/সংস্থা এবং স্টেকহোল্ডারদের মধ্যে মতবিনিময়ের মধ্য দিয়ে বিভিন্ন সমস্যাদি নিরুপণ করে তা দূরীকরণপূর্বক প্রকল্পসমুহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা হয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] নির্বাচিত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন | [১.৩.১] প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | আইএমইডি'র মূল্যায়ন সেক্টরের নিজস্ব জনবল এবং দক্ষ অভিজ্ঞ ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম দ্বারা প্রতি বছর নির্বাচিত গুরুত্বপূর্ণ সমাপ্ত প্রকল্প সমূহের প্রভাব মূল্যায়ন করা হয়ে থাকে। | পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের মূল্যায়ন সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত এবং ব্যক্তি পরামর্শক ও পরামর্শক ফার্ম কর্তৃক প্রণীত প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] প্রান্তিক প্রকল্প মূল্যায়ন | [১.৪.১] জারিকৃত প্রান্তিক প্রকল্প মূল্যায়ন প্রতিবেদন | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে সমাপ্ত প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রাপ্তির পর আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে প্রণীত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়ের বিভিন্ন মনিটরিং সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সম্পাদিত/ পরিচালিত মনিটরিং/পরিদর্শন ইত্যাদির মাসিক/বার্ষিক প্রতিবেদন। (প্রতিবেদনের সংখ্যার সাথে বাস্তব প্রতিবেদন বিভিন্ন পর্যায়ে যথাযথ উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হয়)। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ | [১.৫.১] ৬৪ টি জেলার প্রশাসনকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ । | আইএমইডি'র সচিব মহোদয় কর্তৃক দেশের বিভিন্ন জেলার জেলা প্রশাসনকসহ প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ । | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র যা বিভাগের ওয়েবসাইটে (www.imed.gov.bd) প্রকাশ করা হয়। |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.১] ই-জিপি (e-GP) পদ্ধতি সম্প্রসারণ | [২.১.১] ই-জিপি পদ্ধতিতে আহবানকৃত দরপত্র | ই-দরপত্র আহবানের জন্য ই-জিপি সিস্টেমে একসেস দেওয়া | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাস বোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.১.২] ই-দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন | দরদাতাগণ সিপিটিইউ কর্তৃক ই-দরপত্রে অংশগ্রহণের লক্ষ্যে ই-দরপত্র হিসাবে রেজিস্ট্রি করছে বা ই-জিপি পদ্ধতিতে অন্তর্ভুক্ত হচ্ছে। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | ই-জিপি সংক্রান্ত ওয়েবসাইট www.eprocure.gov.bd এর ড্যাস বোর্ড এবং আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.২] ক্রয় কার্যক্রমের সাথে সম্পৃক্ত সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ | [২.২.১] দীর্ঘমেয়াদী | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| | [২.২.২] স্বল্পমেয়াদী | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ ও ই-জিপি বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ ও আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন। |
| [২.৩] ক্রয়কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ। | [২.৩.১] চুড়ান্ত প্রমিত দরপত্র দলিল। | ক্রয় কার্যক্রমে ব্যবহৃত প্রমিত দরপত্র দলিল চুড়ান্তকরণ। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চুড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। | আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক চুড়ান্ত দরপত্র দলিল প্রকাশ। |
| [৩.১] ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | [৩.১.১] বিধি বিধান মোতাবেক লিখিত পরামর্শ সেবা প্রদান | ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত বিষয়ে চাহিত পরামর্শ সেবা | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র | সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র |

**সংযোজনী ৩:** অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের----------- নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |